সকল হৃদয় দিয়ে ভালোবেসেছি যারে    সে কি ফিরাতে পারে, সখী।
সংসারবাহিরে থাকি,    জানি নে কী   ঘটে সংসারে ॥
কে জানে  হেথায় প্রাণপণে প্রাণ যারে চায়
তারে পায় কি না পায়— জানি নে—
ভয়ে ভয়ে তাই এসেছি গো    অজানা হৃদয়-দ্বারে।
তোমার সকলি ভালোবাসি—  ওই রূপরাশি,
ওই খেলা, ওই গান, ওই মধুহাসি।
ওই দিয়ে আছ ছেয়ে জীবন আমারই।
কোথায় তোমার সীমা, ভুবনমাঝারে ॥

---

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Kaharwa, Raag: Sahana
Visit www.geetabitan.com for notation and other detail